গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

স্মারক নং: ১২.০২.০০০০.০১২.০৬.০০১.১৬-২৭৭ তারিখঃ ১২- ০৬-২০১৭

বিষয়ঃ কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিতে অর্ন্তভূক্ত প্রকল্প/কর্মসূচী সমূহের উপর গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (এপ্রিল/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গত ২৮-০৫-২০১৭ তারিখে কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত প্রকল্প এবং রাজস্ব বাজেটভূক্ত কর্মসূচীসমূহের বাস্তবায়ন অগ্রগতির (এপ্রিল/২০১৭ পর্যন্ত) উপর পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার কার্যবিবরণী সদয় অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্সংগে প্রেরণ করা হলো।

২। কার্যবিবরণীতে বর্ণিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতির প্রতিবেদন (জুন,২০১৭) মাসের এডিপি সভার কার্যপত্রে অন্তর্ভূক্তির জন্য বিশেষ কোন আলোচ্যসূচীর প্রস্তাব থাকলে তা আগামি ১৫-০৬-২০১৭ তারিখের মধ্যে অধিদপ্তরে হার্ড কপি ও সফট কপি (ই-মেইলেঃ anarul@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ০৬ (ছয়) পাতা।

(মোঃ আব্দুর রশিদ)
উপ-পরিচালক (পরশিদ(আঃদাঃ)
ফোনঃ ৯১১৪৮২২
e-mail: dc_p@dam.gov,com

কার্যার্থে অনুলিপিঃ (জৈষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)।

০১। প্রধান (গবেষণা ও উন্নয়ন), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০২। উপ-পরিচালক (পিপি), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
০৩। উপ-পরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা/রাজশাহী/খুলনা/চট্রগ্রাম/সিলেট/বরিশাল/রংপুর বিভাগ।
০৪। প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), বাগেরহাট।
০৫। প্রকল্প পরিচালক, সিলেট অঞ্চলে শস্যের নিবিড়তা বৃদ্ধিকরণ প্রকল্প (বিপণন অংগ), খামারবাড়ি, ঢাকা।
০৬। উপ-প্রকল্প পরিচালক, মুজিবনগর সমন্বিত কৃষি উন্নয়ন প্রকল্প (বিপণন অংগ), কুষ্টিয়া।
০৭। কর্মসূচী পরিচালক, বসত বাড়ীতে আলু সংরক্ষণ, প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম কর্মসূচী, রংপুর।
০৮। কর্মসূচী পরিচালক, ফ্রেশকাট শাকসজি ও ফলমূল প্রক্রিয়াজাতকরণ ও বিপণন কার্যক্রম সম্প্রসারণ কর্মসূচী , ঢাকা।
০৯। সহকারী পরিচালক (প্রশাঃ), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

০১। সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা ।
(দৃঃআঃ যুগ্ম-প্রধান, কৃষি মন্ত্রণালয়)।
০২। সিস্টেম এ্যাডমিন (আইসিটি সেল), কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।
(ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ সহ)
০৩। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কৃষি বিপণন অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি বিপণন অধিদপ্তর
খামারবাড়ি, ফার্মগেট
ঢাকা-১২১৫।

বিষয়ঃ ২০১৬-১৭ অর্থ বছরের এডিপিভূক্ত কৃষি বিপণন অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্প/কর্মসূচীসমূহের উপর গত ২৮-০৫-২০১৭ তারিখে অনুষ্ঠিত বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা (এপ্রিল/২০১৭ পর্যন্ত) সভার কার্যবিবরণীঃ

সভাপতি	:	জনাব মোঃ মাহবুব আহমেদ, মহাপরিচালক, কৃষি বিপণন অধিদপ্তর।
স্থান	:	সভা কক্ষ, কৃষি বিপণন অধিদপ্তর, ঢাকা।
সময়	:	দুপুর ১২.০০ ঘটিকা।
তারিখ	:	২৮ মে , ২০১৭ খ্রিঃ।
সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দ	:	পরিশিষ্ট-'ক' ।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভার কার্যপত্র অনুযায়ী আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

আলোচনাঃ

১। আলোচ্য বিষয়-১: ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ।

গত ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত মার্চ, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হয় এবং কোন সংশোধনী প্রস্তাব না থাকায় তা নিশ্চিতকরণের সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃ নং	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্তৃপক্ষ
১.১	২৩-০৪-২০১৭ তারিখের এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী নিশ্চিত করা হলো।	উপ-পরিচালক (নীতি ও পরিকল্পনা)

২। আলোচ্য বিষয়-২: ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি আলোচনা।

গত ২৩-০৪-২০১৭ তারিখে অনুষ্ঠিত মার্চ, ২০১৭ সময়ের এডিপি পর্যালোচনা সভার গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি সভায় উপস্থাপন করা হয়। বিগত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি আলোচনাকালে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর পুনর্গঠিত হওয়ার প্রেক্ষিতে বিভিন্ন জেলায় নিজস্ব অফিস স্থাপনাসহ প্রক্রিয়াজাতকরণ সুবিধা সৃষ্টির লক্ষ্যে নিজস্ব স্থাপনা নির্মাণের নিমিত্ত প্রস্তাবিত প্রকল্পভূক্ত জেলাসমূহে জমি প্রাপ্তির চাহিত অফিস কাম প্রসেসিং এন্ড ট্রেনিং সেন্টার নির্মাণ বিষয়ে রংপুর বিভাগের দিনাজপুর জেলা এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে তথ্য পাওয়া যায়নি। এছাড়া এসেম্বল সেন্টারের জন্য ঢাকা বিভাগের ঢাকা, নরসিংদী, চট্রগ্রাম বিভাগের কুমিল্লা, রংপুর বিভাগের রংপুর ও দিনাজপুর এবং বরিশাল বিভাগের বরিশাল জেলা হতে কোন তথ্য পাওয়া যায়নি।

উপ-প্রকল্প পরিচালক, এমআইএডিপি সভাকে অবহিত করেন যে, প্রকল্পের কার্যক্রম স্থানীয় ও জাতীয় পত্রিকায় প্রচারের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ইতোমধ্যে দৈনিক জনকণ্ঠের স্থানীয় প্রতিনিধিকে নিয়ে প্রকল্পের কয়েকটি কার্যক্রম পরিদর্শন করা হয়েছে। প্রকল্পের অধীনে নির্মিত ২টি নতুন চালুকৃত শস্যগুদাম প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব ইতোমধ্যে সদর দপ্তরে প্রেরণ করা হয়েছে এবং প্রকল্পের আওতায় চালুকৃত শস্যগুদামের মালামাল-এর পূর্ণাঙ্গ ইনভেন্টরী তৈরীর কাজ শুরু করা হয়েছে। প্রকল্পের কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য আরএডিপি প্রস্তাবের সমুদয় অর্থ ব্যয় পূর্বক ১০০% অগ্রগতি সম্পন্ন করা হবে।

প্রকল্প পরিচালক, পিরোজপুর-গোপালগঞ্জ-বাগেরহাট সমন্বিত কৃষি উন্নয়ন (ডিএএম অংগ) প্রকল্প সভাকে জানান যে, প্রকল্পের আওতায় ২০১৬-১৭ অর্থ বছরে সফটওয়্যার খাতে বরাদ্দকৃত অর্থে সফটওয়্যার নির্মাণের জন্য Requirments of Softwere সংক্রান্ত কার্যক্রম নিয়ে দরপত্রের কার্যক্রম শেষ পর্যায়ে আছে। প্রকল্পের কার্যক্রম বিষয়ে নিয়মিতভাবে পত্রিকায়/বিভিন্ন প্রতিষ্ঠানের/ সংগঠনের স্যুভিনিউরে প্রকাশ করা হচ্ছে এবং কৃষি তথ্য সার্ভিসের প্রকাশিত মাসিক পত্রিকায় প্রকাশের জন্য তথ্য প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান, প্রকল্পের অধীনে নির্মিত শস্যগুদামগুলো প্রকল্প সমাপ্তির পর অধিদপ্তরের চলমান শস্যগুদাম কার্যক্রমের সাথে সংযুক্ত করার নিমিত্ত প্রস্তাব দেয়া হয়েছে। কিন্তু অগ্রিম ভাড় প্রদানের বিষয়টি নিরীক্ষা সাপেক্ষ তবে গুদামগুলি পরিচালনার জন্য জুন, ২০১৮ পর্যন্ত চুক্তির মেয়াদ নবায়ন করার জন্য এলজিইডি এর সম্মতি নেওয়া হয়েছে। সংশ্লিষ্ট মেশিন সরঞ্জাম সরবারহকারীকে